135

তারিখ 18 SEP 1991
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১২

দৈনিক ইত্তেফাক

## শিক্ষা দিবস পালন

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (মঙ্গলবার) শিক্ষা দিবস পালন উপলক্ষে, বিভিন্ন ছাত্র সংগঠন পৃথক পৃথক সমাবেশে ১০ দফা দাবী আদায় এবং সন্ত্রাসের বিরুদ্ধে ঐক্যবদ্ধ সংগ্রাম গড়িয়া তোলার আহ্বান জানাইয়াছে। কার্জন হল ক্যাফেটেরিয়ার

(১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## শিক্ষা দিবস পালিত

(১ম পৃঃ পর)

সম্মুখে ছাত্রলীগ (আ-অ) আয়োজিত ছাত্র সভায় ডঃ কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন বাস্তবায়নের আহ্বান জানাইয়া ৩ দিনের কর্মসূচী ঘোষণা করা হয়। এই কর্মসূচীর আওতায় ২১শে সেপ্টেম্বর সকাল ১০টায় অপরাজেয় বাংলার পাদদেশে ছাত্র সমাবেশ, শেখ হাসিনার উপর গুলী বর্ষণের প্রতিবাদে ২৩শে সেপ্টেম্বর ক্যাম্পাসে সমাবেশ শেষে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে স্মারকলিপি প্রদান এবং ইনডেমনিটি অধ্যাদেশ বাতিলের দাবীতে ২৫শে সেপ্টেম্বর সারাদেশে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হইবে। সংগঠনের সভাপতি শাহে আলম, সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল সমাবেশে বক্তৃতা করেন।

ডাকসু ভবনের সম্মুখে জাতীয়তাবাদী ছাত্রদল আয়োজিত ছাত্র সমাবেশে সন্ত্রাসের বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়িয়া তোলার আহ্বান জানান হয়। সমাবেশে ক্যাম্পাসে সন্ত্রাসের প্রতিবাদে ১৯শে সেপ্টেম্বর অপরাজেয় বাংলার পাদদেশে ছাত্রসভার কর্মসূচী ঘোষণা করা হয়। হাবিবউন নবী সোহেল, আলী আক্কাস নাদিম সমাবেশে বক্তৃতা করেন।

ছাত্রলীগ (না-শ) মধুর ক্যান্টিনের সম্মুখে এক ছাত্র সভার আয়োজন করে। সভায় ছাত্র সমাজের অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে সকল গণতান্ত্রিক ও প্রগতিশীল ছাত্র সংগঠনকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান হয়। সংগঠনের সভাপতি নাজমুল হক প্রধান, সাধারণ সম্পাদক শফি আহমেদ সভায় বক্তৃতা করেন।

ছাত্র মৈত্রী মধুর ক্যান্টিনের সম্মুখে ছাত্র সভার আয়োজন করে। সভায় একটি সার্বজনীন শিক্ষা ব্যবস্থা গড়িয়া তোলার আহ্বান জানান হয়। রাগিব আহসান মুন্না ও মিজানুর রহমান সভায় বক্তৃতা করেন।

সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট মধুর ক্যান্টিনের সম্মুখে ছাত্র সভাশেষে শিক্ষা মন্ত্রণালয়ে স্মারকলিপি পেশ করে। স্মারকলিপিতে ৭-দফা দাবীর উল্লেখ করা হইয়াছে।

গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন কলাভবনের সম্মুখে এক ছাত্র সভার আয়োজন করে। সভায় সংগঠনের সভাপতি বিধান রায় ও সাধারণ সম্পাদক মামুন সারোয়ার দীপু বক্তৃতা করেন।

ছাত্র ইউনিয়ন মধুর ক্যান্টিনের সম্মুখে এক ছাত্র সভার আয়োজন করে। নাসির-উদ-দুজা, রুহিন হোসেন প্রিন্স সভায় বক্তৃতা করেন।

মধুর ক্যান্টিনের সম্মুখে ছাত্র ফেডারেশন আয়োজিত ছাত্রসভায় ফয়জুল হাকিম ও সৈয়দ জাহাঙ্গীর বক্তৃতা করেন।

শিক্ষা দিবস পালন উপলক্ষে ছাত্র ঐক্য ফোরাম, গণতান্ত্রিক ছাত্রলীগ, গণতান্ত্রিক ছাত্রকেন্দ্র, জাতীয় ছাত্রদল পৃথকভাবে ছাত্রসভার আয়োজন করে।

বরিশাল অফিস জানায়, শিক্ষা দিবস উপলক্ষে বরিশাল বিবির পুকুরের পাড়ে ৭টি ছাত্র সংগঠনের উদ্যোগে গতকাল বিকালে ছাত্র গণ-সমাবেশ অনুষ্ঠিত হয়। ছাত্রনেতা জাকির হোসেন বাবুল সমাবেশে সভাপতিত্ব করেন। বক্তারা বলেন, দুইটি বড় ছাত্র সংগঠন সারাদেশে শিক্ষাঙ্গনে সন্ত্রাস চালাইয়া যাইতেছে। তাহারা বলেন, সরকার ছাত্র সমাজের দাবীগুলি মানিয়া নেন নাই। ছাত্র সমাজকে ঐক্যবদ্ধ হওয়ার জন্য তাহারা আহ্বান জানান।